গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

তারিখ: ১২/০২/২০১৭ খ্রি.

## ২০১৬-২০১৭ সেশনে ০৩ বছর মেয়াদী ফাযিল স্নাতক- (পাস) ১ম বর্ষে ভর্তির সংশোধিত নোটিস

এতদ্বারা সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকায় ২০১৬-২০১৭ সেশনে ফাযিল স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তিচ্ছুক ছাত্রদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,আগামী ২৮/০২/২০১৭ ইং তারিখের মধ্যে বিলম্ব ফি ব্যতীত মাদরাসা অফিস থেকে ভর্তি ফরম সংগ্রহ করে ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেওয়া হলো।

## ভর্তির নিয়মাবলী:

০১। যে সকল পরীক্ষার্থী ১৪/১২/২০১৬ এবং ১৮/০১/২০১৭ ইং তারিখ অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ হয়েছে, তাদেরকে আগামী ২৮/০২/২০১৭ তারিখের মধ্যে ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেওয়া হলো।

০২। অফিস খোলা থাকার দিন প্রত্যহ সকাল ০৯.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত ভর্তির কার্যক্রম অনুষ্ঠিত হবে।

০৩। ১০৫ নং কক্ষ থেকে চূড়ান্ত ভর্তির ফরম সংগ্রহ করতে হবে এবং যথাযথভাবে ফরম পূরণ করে ভর্তি কমিটির সদস্যের স্বাক্ষর নিয়ে ক্যাশিয়ারের নিকট ভর্তি ফি ও ফরম জমা দিতে হবে।

০৪। ২০১৫ সালে অনুষ্ঠিত আলিম পরীক্ষায় উত্তীর্ণদের নির্ধারিত শিক্ষা বিরতি ফি দিতে হবে।

০৫। ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে:

ক) দাখিল ও আলিম পরীক্ষার নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি (০১ কপি করে মোট ০৪ কপি)।

খ) টুপি পরিহিত পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ও স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি রংঙ্গিন ছবি। (ছবির পিছনে সাদা অংশে নাম লিখতে হবে)।

০৬। পরবর্তীতে নিজ হাতে রেজিস্ট্রেশন কার্ডে স্বাক্ষর করতে হবে। রেজিস্ট্রেশন কার্ডে স্বাক্ষরের তারিখ পরে জানানো হবে।

০৭। আগামী ১২/০৩/২০১৭ ইং তারিখ থেকে ১ম বর্ষের ক্লাস শুরু হবে।

০৮। ১ম বর্ষের ভর্তির যাবতীয় ফি-এর হার ক্যাশিয়ারের নিকট থেকে জানা যাবে।

০৯। ভর্তি ফরমে নিজস্ব মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

১০। ভর্তি ফরমে বিএ/বিটিআইএস থেকে যে বিভাগ নেবে, তা উল্লেখ করতে হবে ও বিষয়সমূহের বিষয় কোড লিখতে হবে। পরবর্তীতে বিভাগ পরিবর্তন করা যাবে না।

১১। ভর্তি সম্পন্ন করার পর পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি (ছবির পিছনে নাম ও ক্লাস রোল লিখে) আলাদাভাবে (ভর্তি রশিদে ক্লাস রোল উল্লেখ করা আছে) অফিস কক্ষে জমা দিতে হবে।

বিস্তারিত তথ্য নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে।, ওয়েবসাইট : www. dhkgovmalia.edu.bd

বি:দ্র: ভর্তি ফরমে ফাঁকা জায়গায় লিখতে হবে "ভর্তি হওয়ার পর আমি মাদরাসা পরিবর্তনের জন্য আবেদন করবো না"।

প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ
আইডি নং-০০৯৪৯০
অধ্যক্ষ
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ
অধ্যক্ষ
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

D/.Notice-2017